


# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

**প্রধান কার্যালয়**

**গ্রিন সিটি এজ (৬ষ্ঠ ও ৭ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।**

**অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট**

তারিখঃ ০৩ ভাদ্র, ১৪৩৩
১৮ আগস্ট, ২০২৬

## বিজ্ঞপ্তি

**আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল)-এ অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার এর ০৫টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) এর অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে বিগত ৩০.১২.২০২৪ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র আইসিএমএল এর ওয়েবসাইটে (www.icb.org.bd/icml/career) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদেরকে ১৯.০৮.২০২৬ তারিখ হতে ২৮.০৮.২০২৬ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে আইসিএমএল এর ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা প্রবেশপত্রে উল্লেখ থাকবে।

০৪। নির্ধারিত সময়ের পর কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র ডাউনলোড/সংগ্রহের সুযোগ থাকবে না।

০৫। প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস ও ই-মেইল প্রেরণের মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোডের বিষয়টি অবহিত করা হবে।

০৬। পরীক্ষায় বহু নির্বচনী প্রশ্ন/MCQ (বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান ও সমসাময়িক বিষয়াবলী, বুদ্ধিমত্তা ও গাণিতিক দক্ষতা এবং কম্পিউটার) এর জন্য ৩৫ মিনিট এবং লিখিত/Written (বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান ও সমসাময়িক বিষয়াবলী, অনুধাবনমূলক, প্রোগ্রামিং, ডাটাবেজ, নেটওয়ার্কিং, সিকিউরিটি এবং হার্ডওয়্যার ও মেইন্টেন্যান্স) এর জন্য ০২ ঘন্টা সময় বরাদ্দ থাকবে।

০৭। প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত বিষয়ে যেকোন প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

**(তাপস ঢালী)**
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা
অ্যাডমিনিস্ট্রেটিভ উইং
ফোনঃ ০২-৮৩০০৪২৫
ই-মেইলঃ career@icml.com.bd